


পুরাতন পাঠ্যপুস্তক বিক্রয়ের পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের করতোয়া কোয়ার্টারে ২০২১-২৩ সাল পর্যন্ত বিভিন্ন শিক্ষাবর্ষের অবিতরণকৃত ব্যবহার অযোগ্য এবতেদায়ী, দাখিল ও মাধ্যমিক (ভোকেশনালসহ) বিনামূল্যের পাঠ্যপুস্তক আনুমানিক ১০,০০০ (দশ হাজার) কেজি প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগামী ১৫/০৭/২০২৪ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুম (২য় তলা), কাউনিয়া, রংপুর এ প্রকাশ্যে নিলামের মাধ্যমে পাঠ্যপুস্তক বিক্রয়ের কার্যক্রম অনুষ্ঠিত হবে। আগ্রহী ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠানকে নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আগ্রহী ক্রেতাগণ উপজেলা পরিষদের করতোয়া কোয়ার্টার গোড়াউনে নিলাম যোগ্য বই নিলাম ডাকার পূর্বে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে দেখতে পারবেন। নিলামের শর্তসমূহ নিম্নরূপ :

১. নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান বৈধ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
২. প্রতি কেজি বইয়ের সর্ব নিম্ন মূল্য ১৪/- (চৌদ্দ) টাকা। কার্যাদেশ প্রাপ্ত সর্বোচ্চ দর দাতাকে তাৎক্ষণিকভাবে মূল্য পরিশোধ করতে হবে এবং অতিরিক্ত ৭.৫% ভ্যাট ও ৫% আয়কর একই সাথে প্রদান করতে হবে।
৩. নিলাম গ্রহীতাকে উক্ত গুদাম থেকে নিজ খরচে পাঠ্যপুস্তক পরিবহন সহ বই পরিমাপ করে নিতে হবে।
৪. আগামী ১৫/০৭/২০২৪ তারিখ বেলা ১১.০০ ঘটিকার ০১ ঘণ্টা পূর্বে সিডিউল ব্যাংক হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার শর্তহীন ব্যাংক ড্রাফটসহ নিলামে অংশ গ্রহণের আবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর বরাবরে জমাদিয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। জামানতের ড্রাফট ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ছাড়া অন্য সকল দরদাতাকে তাৎক্ষণিক ভাবে ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে। অপর দরদাতাকে জামানত নিলাম নিষ্পত্তির পর ফেরত প্রদান করা হবে।
৫. সর্বোচ্চ দরদাতা ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সমুদয় অর্থ জমা প্রদান স্বাপেক্ষে কার্যাদেশ সংগ্রহ করবেন এবং কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সমস্ত বই নিজ খরচে বই অপসারণ করবেন। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা যদি অনিচ্ছুক হন, তবে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং দ্বিতীয় দরদাতাকে সমুদয় অর্থ জমা প্রদান স্বাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
৬. উপরে বর্ণিত পরিমানের পাঠ্যপুস্তক কম বা বেশী হতে পারে, সেক্ষেত্রে অতিরিক্ত পাঠ্যপুস্তক থাকলে তা সর্বোচ্চ দরদাতাকে নিলাম দরে ক্রয় করতে হবে।
৭. কার্যাদেশ প্রাপ্ত দরদাতার টাকার পরিমান কম বা বেশী হলে তা জামানতের অগ্রিম এর সাথে সমন্বয় হবে।
৮. কোন বই ছেঁড়া, কাটা, পঁচা, উইপোকা খাওয়া ইত্যাদি বলে বাদ দেওয়া যাবে না, সকল বই পরিমাপ করে নিতে হবে।
৯. কোন কারণ দর্শানো ছাড়াই নিলাম ডাক বাতিল বা গ্রহণ করার যাবতীয় ক্ষমতা নিলাম কমিটি সংরক্ষণ করেন।


০৩/০৭/২৪
(মোঃ মহিদুল হক)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

মাধ্যমিক স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক
গ্রহণ/সংরক্ষণ ও বিতরণ বিষয়ক কমিটি
কাউনিয়া, রংপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।

তারিখ :- ০৩/০৭/২০২৪ খ্রিঃ।

স্মারক নং - উমাশিঅ/কাউ/রং/২০২৪/২৭৭/১(১২)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া রংপুর।
- ৩। উপজেলা প্রকৌশলী, কাউনিয়া রংপুর।
- ৪। সদস্য.....কাউনিয়া রংপুর।
- ৫। নোটিশ বোর্ডকাউনিয়া রংপুর।
- ৬। অফিস নথি।


০৩.০৭.২৪
(আবু সাঈদ মোঃ আরিফুর রাহমান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কাউনিয়া, রংপুর।